


সচিবালয় টেলিফোন নির্দেশিকা ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের নতুন ওয়েবসাইটের উদ্বোধন

ঢাকা, ২৮/০১/২০১৫:

জনপ্রশাসন মন্ত্রণালয়ের একটি নতুন ওয়েবসাইট উদ্বোধন ও বাংলাদেশ সচিবালয় টেলিফোন নির্দেশিকার মোড়ক উন্মোচন করলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক। মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এ ওয়েবসাইটের উদ্বোধন ও টেলিফোন নির্দেশিকার মোড়ক উন্মোচন করা হয়। এ ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে জারিকৃত সকল প্রজ্ঞাপন ও গেজেট নিয়মিতভাবে আপডেট হবে। বাংলা ও ইংরেজি দু'টি ভাষায় প্রকাশিত এ ওয়েবসাইটে মন্ত্রণালয়ের সকল অনুষ্ঠানের ইমেজ স্লাইড আকারে পাওয়া যাবে। ওয়েবসাইটের ঠিকানা- www.mopa.gov.bd

সচিবালয় টেলিফোন নির্দেশিকায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়সহ সকল মন্ত্রণালয়, সরকারি ও স্বায়ত্ত্বশাসিত সংস্থার সকল কর্মকর্তার নাম ও টেলিফোন নম্বর পাওয়া যাবে। ২০০৯ সালের পর এবার নতুন আঙ্গিকে টেলিফোন নির্দেশিকাটি হালনাগাদ করা হয়েছে।

এ সময় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আব্দুল নাসের চৌধুরীসহ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



মোঃ তোহিদুল ইসলাম
সিনিয়র তথ্য অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মোবাইলঃ ০১৭১৮৫৪৩৬২৫